


“কৃষিই সমৃদ্ধি”



বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন
কৃষি ভবন

৪৯-৫১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০

(সাধারণ পরিচর্যা বিভাগ)

www.badc.gov.bd

স্মারক নং ১২.২০৬.০৩৫.০১.০২.০০৬.২০১১- ২০৫৩

তারিখঃ ০৭ শ্রাবণ, ১৪২৫
২২ জুলাই, ২০১৮

অফিস আদেশ

বিএডিসি'র আবাসন বরাদ্দ কমিটির ১৯ জুলাই ২০১৮ তারিখ সিদ্ধান্ত মোতাবেক নিম্নবর্ণিত কর্মচারীগণকে আবেদনের প্রেক্ষিতে নিম্নবর্ণিত শর্তাবলী পালন সাপেক্ষে নিম্নোক্তভাবে বাসা বরাদ্দ দেওয়া হলো:

ক্রঃ নং	আবেদনকারীর নাম	পদবী	কর্মস্থল	বরাদ্দকৃত বাসা নং	কার্যকর তারিখ
১.	জনাব হাসি বেগম	অফিস সহায়ক	অর্থ বিভাগ, কৃষি ভবন, ঢাকা।	এ-২/৭	০১ আগস্ট ২০১৮
২.	জনাব জাকির হোসেন	অফিস সহায়ক	আইন বিভাগ, কৃষি ভবন, ঢাকা।	এ-৩/৮	০১ আগস্ট ২০১৮

শর্তাবলীঃ


(ক) বরাদ্দপ্রাপ্ত কর্মচারী নির্ধারিত তারিখের মধ্যে বরাদ্দকৃত বাসা বুকে নিবেন এবং সংশ্লিষ্ট বাসায় নিজে বসবাস করবেন মর্মে প্রত্যয়নপত্র সাঃ পঃ বিভাগে দাখিল করবেন। কোন ব্যক্তির নিকট কোনভাবেই আংশিক বা পূর্ণ ফ্ল্যাট ভাড়া দিতে পারবেন না। বরাদ্দকৃত কর্মচারী নিজে বসবাস না করে ভাড়া দিয়েছেন এবং একইসাথে বরাদ্দ নীতিমালার শর্তের পরিপন্থী করছেন বলে প্রমাণিত হলে বরাদ্দ আদেশ বাতিল করা হবে এবং সংস্থার প্রচলিত বিধি মোতাবেক শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

(খ) বরাদ্দপ্রাপ্ত কর্মচারীর নিকট হতে তার নামে বরাদ্দকৃত বাসা ভাড়া, বিদ্যুৎ, গ্যাস ও পানির বিলসহ যাবতীয় পাওনাদি বিএডিসি'র প্রচলিত বিধি মোতাবেক কর্তন করা হবে।

(গ) বরাদ্দপ্রাপ্ত কর্মচারী আবাসনে অবস্থানকালীন আবাসন ও অন্য কোন ফ্ল্যাট বা বসবাসকারীর কোনরূপ ক্ষতিসাধন করলে সংস্থার প্রচলিত বিধি অনুযায়ী সংশ্লিষ্ট কর্মচারীর নিকট হতে ক্ষতিপূরণ আদায়সহ তাদের বিরুদ্ধে শৃঙ্খলামূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

(ঘ) নিয়োগপত্রের শর্তানুযায়ী চাকুরীর অবসান হলে স্বাভাবিকভাবেই এই বরাদ্দ বাতিল বলে গণ্য হবে।

২। এ আদেশ সংস্থার স্বার্থে জারী করা হলো।


মোহাম্মদ জাকিরুল ইসলাম
পরিচিতি নং-১১০০২৬
যুগ্মসচিব (সা: প:)
বিএডিসি, ঢাকা।

অনুলিপি (জ্ঞাতার্থে ও কার্যার্থে) :

১। সংশ্লিষ্ট ----- (নিয়ন্ত্রণকারী কর্মকর্তা), বিএডিসি, কৃষিভবন/সেচ ভবন, ঢাকা।

২। প্রধান প্রকৌশলী (নির্মাণ), নির্মাণ বিভাগ, বিএডিসি, ঢাকা।

৩। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বিএডিসি, ঢাকা।

৪। উপপ্রধান মনিটরিং ও ইনচার্জ আইসিটিসেল, বিএডিসি, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

৫। সহকারী হিসাব নিয়ন্ত্রক (ব্যঃদাঃ)/আইসি, বিএডিসি, ঢাকা। ০১ আগস্ট ২০১৮ তারিখ হতে সংশ্লিষ্ট কর্মচারীর বেতন বিল হতে বাড়ি ভাড়াসহ আনুসঙ্গিক কর্তনাদি সম্পন্নের ব্যবস্থা গ্রহণ করবেন।

৬। হিসাব রক্ষণ কর্মকর্তা/সহকারী হিসাব রক্ষণ কর্মকর্তা, সা: প: বিভাগ, বিএডিসি, ঢাকা।

৭। জনাব-----, বিএডিসি, ঢাকা (আগামী ০১ আগস্ট ২০১৮ তারিখের মধ্যে বাসার দখল বুকে নিবেন)।

৮। জনাব-----, বিএডিসি, ঢাকা (আপনার আবেদনের প্রেক্ষিতে বরাদ্দ বাতিলকৃত বাসা আগামী ৩১ জুলাই ২০১৮ তারিখের মধ্যে কেয়ারটেকার বরাবর দখল বুঝিয়ে দেবেন)।

৯। সচিব মহোদয়ের সহকারী ব্যক্তিগত কর্মকর্তা, বিএডিসি, ঢাকা।

১০। কেয়ারটেকার, মিরপুর কর্মচারী আবাসন, বিএডিসি, ঢাকা (০১ আগস্ট ২০১৮ তারিখের মধ্যে বরাদ্দপ্রাপ্ত বাসাসমূহ বুঝিয়ে দেবেন)।

১১। অফিস কপি/মাষ্টার ফাইল।